মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়

২০২২ সালের সবচেয়ে নিকৃষ্ট ধরণের শিশু শ্রমের বিষয়ে প্রাপ্ত তথ্য সমূহ

বাংলাদেশ

২০২২ সালে, শিশু শ্রমের সবচেয়ে নিকৃষ্টতম ধরণগুলি বিলুপ্তির প্রয়াসে বাংলাদেশ যৎসামান্য উন্নতি করেছে। কারখানাগুলি ও প্রতিষ্ঠানসমূহের পরিদর্শণ বিভাগ বিপজ্জনক ক্ষেত্রগুলিতে কার্যরত ৩, ৯৯০ জন শিশুকে উদ্ধার করেছে। তদুপরি, সরকার বিপজ্জনক কাজের ক্ষেত্রের তালিকায় আরও পাঁচটি অতিরিক্ত কর্মক্ষেত্রকে অন্তর্ভুক্ত করেছে(শুটকী মাছ উৎপাদন; নিয়ম-বহির্ভূত ইস্পাত—ভিত্তিক কাজ; ইঁট এবং পাথর উৎপাদন, সংগ্রহ, এবং বহণ করা; পোষাক-শিল্পে দর্জির কাজ এবং নিয়ম-বহির্ভূত জিনিসের উৎপাদন; এবং আবর্জনা ব্যবস্থাপনা), সরকারী ভাবেই শিশুদেরকে এসব কাজ করা থেকে বিরত রাখা হয়েছে। বাংলাদেশ সরকার মানব-পাচার বিষয়ে এই প্রথম জাতীয় পর্যবেক্ষণেরও সূচনা করেছে। এই পর্যবেক্ষণ সারা দেশ জুড়ে মানব-পাচারের অবস্থাটি বুঝবার একটি ভিত্তিরেখা তৈরী করবে, এতে অন্তর্ভুক্ত থাকবে কিভাবে মানব পাচার মূলক আপরাধগুলি ঘটে এবং কিভাবে এর শিকারদেরকে লক্ষ্যবস্তুতে পরিণত করা হয়ে থাকে। তবে,এসব প্রবর্তন করার পরেও শিশুশ্রম মোকাবেলায়,,বাংলাদেশকে মূল্যায়ন করে দেখা গেছে অব্যাহতভাবে চলা রোহিঙ্গা শিশুদের শিক্ষাদানকে ব্যাহত করার কারণে এক্ষেত্রে ন্যুনতম অগ্রগতি হয়েছে । সরকার রোহিঙ্গা পরিচালিত স্কুলগুলি বন্ধ করে দিয়েছে, উদ্বাস্তু শিবিরের বাইরে রোহিঙ্গা শিশুদের বেসরকারী স্কুলে যাওয়ার উপর নিষেধাজ্ঞা দিয়েছে, এবং রোহিঙ্গা শিশুদের ও শিক্ষকদের কাছ থেকে তাদের পরিচয়-পত্র বাজেয়াপ্ত করে নেবার হুমকি দিয়েছে, যেগুলি রোহিঙ্গা উদ্বাস্তু শিশুদের শিক্ষামুলক বিষয়ে প্রবেশাধিকারকে ব্যহত করছে। যাইহোক, বাংলাদেশের শিশুরা এখনো নিকৃষ্ট ধরনের শিশু শ্রমের শিকার হয়ে থাকে, যার মধ্যে আছে তাদের কাছ থেকে বাণিজ্যিকভাবে যৌন সুযোগ গ্রহণ করা, কোন কোন সময় মানব-পাচারের পরিণতিতে এবং শুটকি মাছ ও ইট উৎপাদনের ক্ষেত্রগুলিতে শিশুদের থেকে জোরপূর্বক কাজ আদায় করা। শিশুরা পোষাক শিল্পে ও চামড়াজাত পণ্য উৎপাদনেও বিপজ্জনক কাজ করে থাকে। যে সকল ক্ষেত্রে শিশু-শ্রম হয়ে থাকে তার সকল ক্ষেত্রেই বাংলাদেশের শ্রম-আইন প্রযোজ্য নয়। যদিও ২০২২ সালে সরকার শিশু-শ্রম সংক্রান্ত তাদের ফৌজদারী আইনের প্রয়োগ প্রচেষ্টাগুলির তথ্য জন-সমক্ষে প্রকাশ করেনি, শিশু-শ্রম বিধির লংঘনের জন্য শুধুই দীর্ঘ আইনগত প্রক্রিয়ার সম্পন্ন হবার পরেই জরিমানা ধার্য করা যেতে পারে, যখন আদালত সেগুলি আরোপ করে এবং, শিশু-শ্রম আইন লঙঘনকে নিরুৎসাহিত করায় এই জরিমানাগুলি খুবই স্বল্প হয়ে থাকে।

শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	**প্রস্তাবিত কর্মোদ্যোগ**	**বছর(গুলি) প্রস্তাবিত**
আইনী কাঠামো	কাজের জন্য ন্যূনতম বয়স সমস্ত শিশুদের জন্য প্রযোজ্য সেটা নিশ্চিত করে, যার মধ্যে গ্রীহস্থলি কাজে নিযুক্ত হওয়া, এবং জাহাজ এবং ছোট খামারে কাজ করার বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে।	২০০৯–২০২২

শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	**প্রস্তাবিত কর্মোদ্যোগ**	**বছর(গুলি) প্রস্তাবিত**
	নিশ্চিত করে যে শিশুদের জন্য নিষিদ্ধ বিপজ্জনক কাজের ধরণগুলি গ্রীহস্থলি পরিষেবাসহ ব্যাপক বিষয়ের অন্তর্গত।	২০১৬–২০২২
	সুনিশ্চিত করে যে আইনটি শিশুদেরকে দিয়ে অশ্লীল যৌনকার্য সম্পাদন ও বেশ্যাবৃত্তি করাকে অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।	২০১৫–২০২২
	সুনিশ্চিত করে যে আইনটি শিশুদেরকে ব্যবহার করে মাদক দ্রব্য উৎপাদন ও পাচার উভয় ক্ষেত্রেই সংগ্রহ করা ও হাতে তুলে দেওয়ার বিষয়গুলি অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।	২০১৫–২০২২
	বাধ্যতামুলক শিক্ষার বয়সটি কাজ করার ন্যুনতম বয়সের সাথে মিলে যাওয়ার বিষয়টি সুনিশ্চিত করে।	২০২২
	সুনিশ্চিত করে যে বেসরকারি সশস্ত্র দলগুলি ১৮ বছরের কম বয়সী শিশুদেরকে দলে অন্তর্ভুক্ত করার বিষয়টি অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।	২০১৬–২০২২
প্রয়োগ করা	শ্রম-আইন লঙ্ঘনের জন্য জরিমানার বিষয়গুলি মূল্যায়নের আগে একজন পরিদর্শক দ্বারা মালিককে বার বার সেটা জানানোর বিষয়টি কমিয়ে আনার বিষটি সুনিশ্চিত করে।	২০১৪–২০২২
	আনুমানিক 74.5 মিলিয়ন লোকের শ্রমশক্তিকে যথেষ্ট সুবিধা দানের জন্য শ্রম পরিদর্শকদের সংখ্যা 380 থেকে বাড়িয়ে 1861 করবে।	২০০৯–২০২২
	রফতানি প্রক্রিয়াকরণঅঞ্চলে যাতে শিশু শ্রমের জন্য পরিদর্শন পরিচালিত হয় তা নিশ্চিত করবে।	২০১৩–২০২২
	শিশু শ্রম লঙ্ঘনের জন্য শাস্তি বৃদ্ধি করে, নিশ্চিত করে যে এগুলি ভবিষ্যতে লঙ্ঘন প্রতিরোধের জন্য যথেষ্ট কঠোর।	২০২২
	নিশ্চিত করে যে অপরাধমূলক শিশু শ্রম লঙ্ঘনের বিচার করা হয়।	২০২২
	শিশুদের কাছ থেকে যৌন সুবিধা গ্রহণের তদন্ত ও ফৌজদারীতে সোপর্দ করার বিষয়টি তপরিচালিত হয়, এবং পরিদর্শক এবং তদন্তকারীরা যাতে বাণিজ্যিক যৌন শোষণ সহ শিশু শ্রম অপরাধ মোকাবেলার জন্য যথাযথ প্রশিক্ষণ পান তা নিশ্চিত করে।	২০২২
	আইনী কর্তৃপক্ষ এবং পরিষেবা প্রদাণকারী উভয়ের মধ্যে একটি কার্যকরী সমন্বয় ব্যবস্থা সহ রেফারেন্স দেয়ার ব্যবস্থাটি পর্যাপ্ত কিনা তা নিশ্চিত করে।	২০১৩–২০২২
	রোহিঙ্গা শিশুদের পাচারে সহায়তাকারী কর্মকর্তাসহ সবচেয়ে নিকৃষ্ট ধরনের শিশুশ্রমে সহায়তাকারী বা অংশগ্রহণকারী সরকারি কর্মকর্তাদের জবাবদিহিতা নিশ্চিত করে।	২০১৯–২০২২

শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	**প্রস্তাবিত কর্মোদ্যোগ**	**বছর(গুলি) প্রস্তাবিত**
	শিশু শ্রমের সাথে সম্পর্কিত ফৌজদারি আইনের প্রয়োগের উপর জাতীয় স্তরের তথ্য সমূহ সংগ্রহ করবে, এবং প্রকাশ করবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে তদন্তকারীদের প্রশিক্ষণের তথ্য, এবং বিচারের সংখ্যা, দোষী সাব্যস্ত হওয়া এবং আরোপিত শাস্তির তথ্য সমূহ।	২০১২–২০২২
	শিশু শ্রমের সবচেয়ে নিকৃষ্ট ধরণগুলির সাথে সম্পর্কিত বিষয়সহ তদন্ত পরিচালনার জন্য আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে প্রশিক্ষণ এবং পর্যাপ্ত আর্থিক সংস্থান সরবরাহ করা এবং শ্রম পরিদর্শকদের উচ্চ হারে আসা-যাওয়ার বিষয়টির সমাধান করা।	২০১৪–২০২২
সমন্বয়	নিশ্চিত করে যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলি দেশে শিশু শ্রমের সমস্যাগুলি মোকাবেলা করার জন্য বাধ্যতামূলক একটি সমন্বয়মূলক প্রক্রিয়া বাস্তবায়ন করে, যা কার্যকর এবং শিশুশ্রম সংক্রান্ত সমস্যাগুলির চুলচেরা বিশ্লেষণ করে যেমন অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং শিক্ষাকে বিবেচনা করে।	২০২০–২০২২
	বাল্যবিবাহের মধ্যে সীমাবদ্ধ না থেকে শিশুশ্রম নির্মূলে জাতীয় কর্মপরিকল্পনার আওতায় জেলা পর্যায়ের সমন্বয় প্রচেষ্টাগুলি যাতে বাংলাদেশের সকল শিশুশ্রম বিষয়গুলিকে পরিবেষ্টিত করে তা নিশ্চিত করে।	২০২০–২০২২
সরকারী নীতিমালা সমূহ	শিশুশ্রম নির্মূলে জাতীয় পর্যায়ের নীতি বাস্তবায়নকারী কমিটি যাতে বিভিন্ন মন্ত্রণালয়ে কার্যকরভাবে কাজের সমন্বয় সাধন করে সেটা নিশ্চিত কেরে।	২০২২
সামাজিক কার্যক্রম সমূহ	শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি, কল-ঘর তথা শৌচাগারের স্বাস্থ্য-সম্মত বিধি-ব্যবস্থাগুলি এবং সম্পদের উন্নতি বিধান করা, একটি উন্নত দূরশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করা, অতিরিক্ত ছাত্র-সংখা কমানো ও ডাবল শিফট হ্রাস করতে বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করা এবং পরিবহন ও স্কুল উপকরণের উচ্চ ব্যয় হ্রাস সহ স্কুলে উপস্থিতির প্রতিবন্ধকতাগুলি অপসারণ করে সমস্ত শিশুদের জন্য শিক্ষাকে সকলের প্রবেশাধিকার যোগ্য করার প্রচেষ্টা বাড়ানো।	২০২১–২০২২
	নিশ্চিত করে যে স্থানীয় জেলা কর্তৃপক্ষ, কেন্দ্রীয় সরকারের কর্ম সৃষ্টিকারী প্রকল্প বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত, কঠোর শিশুশ্রম বিরোধী নীতি প্রয়োগ করে, এবং যারা সরকারি অনুদানপ্রাপ্ত চাকরির কর্মসূচিগুলিতে শিশুদেরকে নিয়োগ করে তাদেরকে শাস্তি প্রদান করে।	২০২২
	স্কুলে অংশগ্রহণ করার প্রতিবন্ধকতাগুলি দূর ক'রে, বাংলা ভাষায় নির্দেশণাগুলি দিয়ে, একটি ছোট-খাট পরীক্ষামুলক কার্যক্রম নিয়ে সকল বয়সের বাচ্চাদের এতে অন্তর্ভুক্ত ক'রে, পরিচয়-পত্র মুলক নথি-পত্রগুলি বাজেয়াপ্ত করাটি বন্ধ ক'রে, এমন কার্যক্রমের বাস্তবায়ন করে যাতে শিশুদের শিশুশ্রম কার্যকলাপে অন্তর্ভুক্তিটিকে কমিয়ে এনে রোহিঙ্গা উদ্বাস্তু শিশুদের জন্য পর্যাপ্ত শিক্ষা প্রদাণ করে।	২০১৭–২০২২

শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ		
ক্ষেত্র	**প্রস্তাবিত কর্মোদ্যোগ**	**বছর(গুলি) প্রস্তাবিত**
	অনানুষ্ঠানিক পোশাক, চামড়া এবং মাছ শুকানোর শিল্পে শিশু শ্রম মোকাবেলার জন্য কার্যক্রম গড়ে তোলা ,ও বাস্তবায়নসহ শিশু শ্রমের পরিধিকে উদ্দেশ্য করে কার্যক্রমের প্রসার ঘটায়।	২০১৬–২০২২
	শিশুদের স্কুলে খাবার সরবরাহের জন্য স্কুলে খাদ্য-পরিবেশন কার্যক্রম এবং অন্যান্য সামাজিক সুরক্ষামুলক কর্মসূচির ধারাবাহিকতা নিশ্চিত করে।	২০২২